গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
যুব ও ক্রীড়া মন্ত্রণালয়
আইটি সেল
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
www.moysports.gov.bd

যুব ও ক্রীড়া মন্ত্রণালয়ের চিফ ইনোভেশনর অফিসার এবং মন্ত্রণালয়াধীন দপ্তর/সংস্থার ইনোভেশন টিমের ইনোভেশন অফিসার ও সদস্যদের সমন্বয়ে মন্ত্রণালয়ের ইনোভেশন টিমের সভার কার্যবিবরণী

| | | |
|---|---|---|
| সভাপতি | : | জনাব মোঃ রফিকুল ইসলাম<br>অতিরিক্ত সচিব (প্রশাসন) ও<br>চিফ ইনোভেশন অফিসার। |
| সভার তারিখ | : | ২৫/০১/২০২১ খ্রি: |
| সময় | : | সকাল ১০:০০ ঘটিকা |
| সভার মাধ্যম | : | ভার্চুয়াল সভা (Zoom App) |
| সভায় উপস্থিত কর্মকর্তাদের তালিকা | : | পরিশিষ্ট ''ক'' দ্রষ্টব্য। |

সভাপতি Zoom App-এর মাধ্যমে যুক্ত সকলকে স্বাগত জানিয়ে অনলাইনে সভা শুরু করেন। সভাপতির অনুমতিক্রমে ইনোভেশন টিমের সদস্য-সচিব বিগত সভার কার্যবিবরণী পাঠ করেন এবং কার্যবিবরণীতে কোনরূপ সংশোধনী না থাকায় তা সর্বসম্মতিক্রমে অনুমোদিত হয়। সদস্য-সচিব আরো জানান যে, বিগত ইনোভেশন টিমের সভায় গৃহীত সিদ্ধান্ত অনুযায়ী সকল কার্যক্রম পর্যায়ক্রমে বাস্তবায়ন করা হচ্ছে। মন্ত্রণালয়ে উদ্ভাবনে সক্ষমতা বৃদ্ধির লক্ষ্যে দুইদিনের প্রশিক্ষণ গত ১৭-১৮ জানুয়ারী ২০২১ তারিখে সফলভাবে অনুষ্ঠিত হয়েছে। এছাড়া প্রশাসন শাখার সহযোগিতায় পেনশনের সুবিধার্থে মন্ত্রণালয়ের কর্মকর্তা/কর্মচারীদের প্রোফাইল ও পেনশন বিষয়ক তথ্যের ডাটাবেইজ তৈরীর উদ্যোগ গ্রহণ করা হয়েছে। এজন্য সকল কর্মকর্তা/কর্মচারীর তথ্য ছক অনুযায়ী সংগ্রহের কার্যক্রম চলছে।

২। সভাপতি আজকের সভায় উপস্থাপিত বার্ষিক উদ্ভাবন কর্মপরিকল্পনা ২০২০-২১ অনুযায়ী মন্ত্রণালয়ের অর্ধবার্ষিক প্রতিবেদন মন্ত্রিপরিষদ বিভাগে ০৪/০২/২০২১ তারিখের মধ্যে প্রেরণ এবং দপ্তর/সংস্থাকে আগামী ০৪/০২/২০২১ তারিখের মধ্যে অর্ধবার্ষিক স্বমূল্যায়ন প্রতিবেদন প্রমাণকসহ মন্ত্রণালয়ে প্রেরণ করার নির্দেশনা প্রদান করেন। তিনি আরও উল্লেখ করেন যে, অর্ধ-বার্ষিক স্ব-মূল্যায়ন প্রতিবেদন পাওযার পর মন্ত্রণালয় হতে পরিবীক্ষণ সভার আয়োজন করা হবে। এছাড়া তিনি 'বার্ষিক উদ্ভাবন কর্মপরিকল্পনা ২০২০-২১' অনুযায়ী সকল কার্যক্রম নির্ধারিত সময়ের মধ্যে সম্পন্ন করতে দপ্তর/সংস্থাকে অনুরোধ করেন।

৩। বিস্তারিত আলোচনা শেষে সভায় নিম্নলিখিত সিদ্ধান্ত গৃহীত হয়ঃ

| | |
|---|---|
| (ক) | বার্ষিক উদ্ভাবন কর্মপরিকল্পনা ২০২০-২১ অনুযায়ী মন্ত্রণালয়ের অর্ধবার্ষিক মূল্যায়ন প্রতিবেদন মন্ত্রিপরিষদ বিভাগে ০৪/০২/২০২১ তারিখের মধ্যে প্রেরণ করত হবে। |
| (খ) | প্রত্যেক দপ্তর/সংস্থা নিজ দপ্তরের 'বার্ষিক উদ্ভাবন কর্মপরিকল্পনা ২০২০-২১' অনুযায়ী স্বমূল্যায়ন প্রতিবেদন প্রমাণকসহ আগামী ০৪/০২/২০২১ তারিখের মধ্যে মন্ত্রণালয়ে প্রেরণ করবে। এছাড়া দপ্তর/সংস্থা স্ব-স্ব দপ্তরে অনুষ্ঠিত মাসিক ইনোভেশন টিমের বিগত সকল সভার কার্যবিবরণীও এ সাথে মন্ত্রণালয়ে প্রেরণ করবে। |
| (গ) | সকল দপ্তর/সংস্থা উদ্ভাবন ও সেবা সহজিকরণের হালনাগাদ তালিকা তৈরী করে ওয়েবসাইটে প্রকাশ করবে এবং এর বর্তমান অবস্থা/তথ্যাদি রিপোর্ট আকারে মন্ত্রণালয়ে প্রেরণ করবে। অর্থ-বছর অনুযায়ী সেবা 'সহজিকরণের তথ্য প্রকাশসহ 'সেবা সহজীকরণ' ও 'উদ্ভাবনী কার্যক্রম' সেবাবক্স দুটিও মন্ত্রিপরিষদ বিভাগের নির্দেশনা অনুযায়ী হালনাগাদ করবে। |

| | |
|---|---|
| (ঘ) | মন্ত্রিপরিষদ বিভাগের নির্দেশনা অনুযায়ী সুশাসনের ৫টি জবাবদিহিমূলক উপকরণ (Five Accountability Tools) সংক্রান্ত তথ্য [সেবাবক্স : (i)জাতীয় শুদ্ধাচার কৌশল, (ii) সেবা প্রদান প্রতিশ্রুতি (iii) বার্ষিক কর্ম সম্পাদন চুক্তি, (iv) অভিযোগ প্রতিকার ব্যবস্থাপনা ও (v) তথ্য অধিকার) ও সংশ্লিষ্ট লোগো (Logo)] দপ্তর/সংস্থাসমূহের ওয়েবসাইটে মন্ত্রিপরিষদ বিভাগ প্রদত্ত নির্দিষ্ট ক্রম অনুযায়ী আপলোড করবে। |
| (ঙ) | মন্ত্রণালয়ে সেবা সহজিকরণে সক্ষমতা বৃদ্ধির লক্ষ্যে দুইদিনের প্রশিক্ষণ ফেব্রুয়ারি/২০২১ মাস এর মধ্যে আয়োজন করতে হবে। উদ্ভাবন ও সেবাসহজিকরণ দুইটি বিষয়ে একদিন করে দুইটি কর্মশালা আগামী জুন/২০২১ মাসের মধ্যে আয়োজনের পরিকল্পনা করতে হবে। |
| (চ) | প্রত্যেক দপ্তর/সংস্থাকে 'বার্ষিক উদ্ভাবন কর্মপরিকল্পনা ২০২০-২১' অনুযায়ী সকল কার্যক্রম নির্ধারিত সময়ের মধ্যে সম্পন্ন করতে হবে। |

৪। সভায় অন্য কোন আলোচনা না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ দিয়ে সভার কার্যক্রম শেষ করেন।

২৫/১/২০২১

(মোঃ রফিকুল ইসলাম)
অতিরিক্ত সচিব (প্রশাসন)
ও
চিফ ইনোভেশন অফিসার

নং-৩৪.০০.০০০০.০৪৬.৩৩.০০৩.১৭.-০৭ তারিখঃ ২৫/০১/২০২১খ্রিঃ

বিতরণঃ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)।

১) মহাপরিচালক , যুব উন্নয়ন অধিদপ্তর, ঢাকা।
২) মহাপরিচালক, বাংলাদেশ ক্রীড়া শিক্ষা প্রতিষ্ঠান, সাভার, ঢাকা।
৩) পরিচালক, ক্রীড়া পরিদপ্তর, ঢাকা।
৪) সচিব, জাতীয় ক্রীড়া পরিষদ, ঢাকা।
৫) সচিব, বঙ্গবন্ধু ক্রীড়াসেবী কল্যাণ ফাউন্ডেশন, ঢাকা।
৬) যুগ্মসচিব, প্রশাসন অধিশাখা, যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, ঢাকা।
৭) যুগ্মসচিব, উন্নয়ন অধিশাখা, যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, ঢাকা।
৮) উপসচিব (যুব), যুব অধিশাখা, যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, ঢাকা।
৯) উপ-সচিব( ক্রীড়া) অধিশাখা, যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, ঢাকা।
১০) সচিবের একান্ত সচিব, যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, ঢাকা।
১১) সিনিয়র সহকারী সচিব , প্রশাসন-১ শাখা, যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, ঢাকা।
১২) প্রোগ্রামার/সহকারী প্রোগ্রামার, আইসিটি শাখা, যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, ঢাকা।

অনুলিপিঃ সদয় অবগতির জন্য

১) সচিব মহোদয়ের একান্ত সচিব, যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, ঢাকা।
২) অতিরিক্ত সচিব (প্রশাসন) এর ব্যক্তিগত কর্মকর্তা, যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, ঢাকা।

২৫/০১/২১
অমলেন্দু বিশ্বাস
প্রোগ্রামার

## পরিশিষ্ট-ক

২৫/০১/২০২১ খ্রি: তারিখ অনুষ্ঠিত ইনোভেশন টিমের ভার্চুয়াল সভায় উপস্থিত সম্মানিত সদস্যগণের তালিকা (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

| ক্রমিক নং | কর্মকর্তার নাম ও পদবি | স্বাক্ষর |
|---|---|---|
| ১. | জনাব রেখা রানী বালো<br>যুগ্মসচিব, যুব ও ক্রীড়া মন্ত্রণালয় | স্বাক্ষরিত |
| ২. | জনাব মোঃ ফজলে এলাহী<br>উপসচিব (ক্রীড়া), যুব ও ক্রীড়া মন্ত্রণালয় | স্বাক্ষরিত |
| ৩. | জনাব মুহাম্মদ সাঈদ আলী<br>উপসচিব (যুব), যুব ও ক্রীড়া মন্ত্রণালয় | স্বাক্ষরিত |
| ৪. | জনাব মাসুদা আকন্দ<br>পরিচালক (দাবিঃ ও ঋণ), যুব উন্নয়ন অধিদপ্তর | স্বাক্ষরিত |
| ৫. | জনাব সোহেল আহমেদ<br>সিনিয়র সহকারী সচিব, যুব ও ক্রীড়া মন্ত্রণালয় | স্বাক্ষরিত |
| ৬. | জনাব মো: ছগির হোসেন<br>উপপরিচালক (প্রশাসন), বাংলাদেশ ক্রীড়া শিক্ষা প্রতিষ্ঠান | স্বাক্ষরিত |
| ৭. | জনাব অমলেন্দু বিশ্বাস<br>প্রোগ্রামার, যুব ও ক্রীড়া মন্ত্রণালয় | স্বাক্ষরিত |
| ৮. | জনাব মোঃ তারিকউজ্জামান<br>সহকারী পরিচালক, ক্রীড়া পরিদপ্তর | স্বাক্ষরিত |
| ৯. | জনাব এ. এফ. এম. আতাউল কিবরিয়া<br>সহকারী প্রোগ্রামার, যুব ও ক্রীড়া মন্ত্রণালয় | স্বাক্ষরিত |
| ১০. | জনাব মোঃ সাইফুল ইসলাম<br>নির্বাহী কর্মকর্তা, বঙ্গবন্ধু ক্রীড়াসেবী কল্যাণ ফাউন্ডেশন | স্বাক্ষরিত |
| ১১. | জনাব সালেহ্ উদ্দিন আহমেদ<br>সহকারী পরিচালক (আইসিটি), যুব উন্নয়ন অধিদপ্তর | স্বাক্ষরিত |
| ১২. | জনাব মোঃ শাকিল শাহজাহান<br>সহকারী প্রোগ্রামার, জাতীয় ক্রীড়া পরিষদ | স্বাক্ষরিত |